jugabheri.com

দৈনিক

যুগভেরী

Jugabheri • প্রাচীনতম বাংলা সংবাদপত্র • প্রথম প্রকাশ ১৯৩০

রেজি নং : চ ৩২
২৪তম বর্ষ, ২০৭ তম সংখ্যা
সিলেট, বুধবার, ১৮ আশ্বিন ১৪২৪
১৩ মহররম ১৪৩৯ হিজরী
Wednesday, 04 October 2017
মূল্য : বাংলাদেশ ৩ টাকা
ভারত ৫ রুপি, ইংল্যান্ড ৫০ পেন্স
পৃষ্ঠা : ৪

সৌজন্য কপি

মায়ানমারে রোহিঙ্গা মুসলিম গণহত্যা বন্ধের দাবিতে দক্ষিণ সুরমা উপজেলার পুরান তেতলী সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে বিক্ষোভ মিছিল।

তির ছটি

স্বাভাবিক পথ বলে আমি মনে করি," বিবিসি রেডিও অক্সফোর্ডকে বলেছেন তিনি।

সু চির সম্মাননা প্রত্যাহারের প্রস্তাবে সমর্থনকারী অক্সফোর্ড সিটি কাউন্সিলের নেতা বব প্রাইস বলছেন, মিয়ানমারের পরিস্থিতি নিয়ে মানুষ 'চরম ক্ষুব্ধ' এবং দেশটিতে বর্বরতার খবর নিয়ে তার কথা না বলাটা খুবই অস্বাভাবিক।

ওসমানীনগরে লাল

মুহিবুর রহমান দুদু মিয়া।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয়, ইছামতি গ্রামের মৃত ছিফত উল্লাহর পুত্র লাল মিয়া এবং লাল মিয়ার পুত্র মনজুর আহমদ, নুরুল আহমদ, রাজু আহমদ ও নজরুল আহমদের বিরুদ্ধে ওসমানীনগর থানাসহ বিভিন্ন থানায় অস্ত্র, চাঁদাবাজি, ডাকাতি, ছিনতাই, চুরি ও সরকারি ভূমিদখলসহ বিভিন্ন অভিযোগে ডজনখানেক মামলা রয়েছে। এদের রয়েছে অস্ত্রের বিশাল ভান্ডার। কোনো জায়গায় সংঘর্ষের ঘটনা ঘটলে এরা ভাড়ায় অস্ত্র সরবরাহ করে। গ্রামে অসংখ্য প্রবাসী থাকলেও লাল মিয়ার পরিবারের কারণে এরা দেশবিমুখ হয়ে পড়েছে। কেউ একান্ত প্রয়োজনে দেশে আসলে শহরে ভাড়াটিয়া বাসায় কিছুদিন থেকে চলে যান। এরা এলাকার মুরব্বিয়ান এবং সালিশ বৈঠক কিছুই পরোয়া করে না। লাল মিয়ার পুত্র মনজুর আহমদ, নজরুল ও নুরুল আন্ত:জেলা ডাকাত দলের সদস্য বলে অভিযোগ করা হয়েছে। বিভিন্ন পত্রপত্রিকায় অস্ত্রসহ ডাকাতির ঘটনায় সংবাদ প্রকাশ হয়েছে। লাল মিয়ার বিরুদ্ধে ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের সময় এলাকার মুক্তিকামী বেশ কিছু মানুষকে হত্যার অভিযোগ রয়েছে। রাজাকার হিসেবে তার পরিচিতি রয়েছে। তদন্ত করলে বিষয়টির সত্যতা পাওয়া যাবে

লিখিত বক্তব্যে আরো বলা হয়, লাল মিয়া ও তার সন্তানেরা দীর্ঘদিন যাবত প্রায় এক একর সরকারি ভূমি দখল করে রেখেছে। এই ভূমিতে দিঘী ও পুকুর থাকায় পূর্বে এলাকার মানুষজন সবজি চাষাবাদের জন্য পুকুরের পানি ব্যবহার করতেন। কিন্তু তাদের দখলে চলে যাওয়ার পর এলাকার মানুষ সবজি চাষ থেকে বঞ্চিত রয়েছেন। অতি সম্প্রতি তারা এই ভূমির একটি অংশ মাটি ভরাট করে স্থায়ীভাবে স্থাপনা নির্মাণ করতে যাওয়ায় এলাকার মুরব্বিয়ান ও যুব সমাজ বিষয়টি নিয়ে গত ২২ সেপ্টেম্বর সন্ধ্যায় গ্রামের মুহিবুর রহমান দুদুর বাড়িতে পরামর্শ সভার আয়োজন করেন। এই সভায় এলাকার মুরব্বিয়ান ও যুব সমাজ উপস্থিত হওয়ার পর হঠাৎ করেই লাল মিয়া, তার পুত্র মনজুর, নুরুল, নজরুল, রাজু, তাদের সহযোগী হৃদয়, সাজু গংরা অস্ত্রেসস্ত্রে সজ্জিত হয়ে এই সভায় আক্রমণ করে। এতে ৬ নং ওয়ার্ডের ইউপি সদস্য সাইস্তা মিয়া, এলাকার মুরব্বি রিবু মিয়া ও সেলিম খানসহ বেশ কয়েকজন আহত হন। সন্ত্রাসীরা মুরব্বিয়ানদের ঘরের ভিতরে অবরুদ্ধ করে হামলা চালায়। এতে এই বাড়ির মহিলা ও শিশুরা আতঙ্কিত হয়ে পড়ে। একপর্যায়ে মোবাইল ফোনে ওসমানীনগর থানা পুলিশকে বিষয়টি জানালে থানার একদল পুলিশ ঘটনাস্থলে এসে সবাইকে উদ্ধার করে। পরবর্তীতে পুলিশ লাল মিয়ার বাড়িতে অভিযান চালিয়ে দেশীয় অস্ত্র উদ্ধার করলেও সন্ত্রাসীদের গ্রেফতার করতে পারেনি। এ ঘটনায় এলাকার মুরব্বি মুহিবুর রহমান দুদু মিয়া বাদী হয়ে ওসমানীনগর থানায় এজাহার দাখিল করেছেন। এদিকে মুরব্বিয়ানদের উপর হামলার পর গত ২৫ সেপ্টেম্বর এলাকার সর্বস্তরের মানুষের উদ্যোগে ইছামতি গ্রামে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে দলমত নির্বিশেষে বিভিন্ন এলাকার সহস্রাধিক মানুষ অংশ নেন।

সংবাদ সম্মেলনে ইছামতি গ্রামবাসী শান্তিপূর্ণভাবে বসবাস করতে লাল মিয়া ও তার পুত্রদের দ্রুত গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। এ ব্যাপারে গ্রামবাসী স্বরাষ্ট্রমন্ত্রী, ডিআইজি, জেলা প্রশাসক ও পুলিশ সুপারের হস্তক্ষেপ কামনা করেছেন।

সংবাদ সম্মেলনে গ্রামবাসীর পক্ষে উপস্থিত ছিলেন এলাকার মুরব্বি ফিরোজ খান, মেহের উল্লাহ, নুনু মিয়া, আছাব মিয়া, আং তানি, মানিক মিয়া, মসিক মিয়া, আশিক মিয়া, সিরাজ খান, বেলাল আহমদ, মজনু মিয়া, আব্দুল কাইয়ুম, আব্দুল মনাফ, আব্দুল মতিন, সুলতান খান, ফেরদৌস মিয়া, আশরাফ খান, ফখরুল ইসলাম, আব্দুল্লাহ মিছবাহ, শানাজ আহমদ, মুক্তার আহমদ বকুল, মতছির খান, সাইস্তা মিয়া মেম্বার, ছাদ উল্লাহ, ইসমাইল আলী, পঙ্কী মিয়া মেম্বার প্রমুখ।

Government of the People's Republic of Bangladesh
Roads and Highways Department
Office of the Additional Chief Engineer
Sylhet Zone, Sylhet.
☎ 0821-726755
e-mail: acesyl@rhd.gov.bd

Memo No.*SZ/55/250/2807* **Date: 02-10-2017.**

e–Tender Notice

This is an online tender, where only e–Tenders will be accepted in e–GP Portal and no offline/ hard copies will be accepted. To submit e–Tender, please register on e–GP System Portal (*http://www.eprocure.gov.bd*).

e-Tenders are invited in e-GP System Portal (http://www.eprocure.gov.bd) by Additional Chief Engineer, RHD, Road Zone, Sylhet for the procurement of-

1. Periodic Maintenance work under PMP(Road-Major) by providing Aggregate Base Type-1, DBS-Base Course & DBS Wearing Course from Ch.00+000 to Ch. 14+442 of Beer Muktijoddha Commandant Manik Chowdhury Road (R-221) under Habiganj Road Division of Road Zone, Sylhet during the year 2017-2018. **Tender Package No.** 06/e-GP/PMP(Road)/ACE/RHD/Sylhet/2017-2018 **[Tender ID No.124871]**
2. Improvement of Juri-Lathitila Road (R-282) by Widening with Strengthening and Surfacing of Existing Pavement (Ch: 5+900 Km to 16+300 Km),Reconstruction of Existing Pavement (Ch 16+300 Km to 17+300 km), Construction of New Pavement (Ch 17+300 km to 18+000), Construction of 07 Nos. Culverts and Other ancillary works (Protective works; Sign, Signal, Km Post etc.) under Moulvibazar Road Division of Road Zone, Sylhet during the year 2017-2018 (WD-8). **Tender Package No.** 07/e-GP/DEV/ACE/RHD/Sylhet/2017-2018 **[Tender ID No.124872]**

e-Tender details can be downloaded from 15.00 on 03-10-2017 to 16.00 on 05-11-2017 *on e–GP System Portal* http://www.eprocure.gov.bd for pursue.

e-Tender will be accepted only upto 12.00 on 06-11-2017. Accepted tenders will be opened online immediately after 12.00 on 06-11-2017.

(Md. Shah Nowaz)
ID No.0
Additional Chief E
Road Zon

Signed
কাজী আব্দুল্লাহ আল-মামুন
প্রোগ্রামার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দৈ/যু(ল)-৫৭/১৬